# Times Today BD

নূর আলম | জেলার খবর | 27 March, 2025

নেত্রকোণার খালিয়াজুরী উপজেলায় ২১২ বোতল বিদেশি মদসহ দুইজনকে গ্রেফতার করেছে লেপসিয়া নৌ-পুলিশ।বৃহস্পতিবার (২৭ মার্চ) দুপুর পৌনে ১টার দিকে ধনু নদীর লেপসিয়া লঞ্চঘাট এলাকায় ট্রলারে করে মদ পরিবহনের সময় তাদের আটক করা হয়।

লেপসিয়া নৌ-পুলিশের উপ-পরিদর্শক (এসআই) নিখিল চন্দ্র দাসের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স এ অভিযান চালায়।

জব্দ করা মদের মধ্যে রয়েছে, ৭৫০ মি.লি. ওজনের ২৭ বোতল ম্যাজিক মুভমেন্ট,১৮০ মি.লি. ওজনের ২৫ বোতল এসি ব্ল্যাক,৭৬ বোতল অফিসার্স চয়েস ব্লু;৩৭৫ মি.লি. ওজনের ৮৪ বোতল ম্যাক ডুয়েলার্স।

আটককৃতরা হলেন সুনামগঞ্জের তাহেরপুর উপজেলার বালিয়াজুরী ইউনিয়নের পুরান বারংকা গ্রামের মৃত আব্দুল মন্নাফের ছেলে মো. আব্দুল মুমিন (৩২) এবং একই উপজেলার বাতাঘাট ইউনিয়নের গাগরা গ্রামের রহমত উল্লাহর ছেলে জাকির হোসেন (৩২)।

এসআই নিখিল চন্দ্র দাস জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটককৃতরা স্বীকার করেছে যে, তারা তাহেরপুর উপজেলা থেকে কিশোরগঞ্জের ইটনা উপজেলায় নৌপথে মদগুলো নিয়ে যাচ্ছিল।তবে কারা এসব মদের মালিক এবং কোথায় সরবরাহ করা হতো, তা তদন্তাধীন রয়েছে।

আটক দুজনের বিরুদ্ধে মাদক নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে তাদের খালিয়াজুরী থানায় হস্তান্তরের প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন নৌ-পুলিশের এই কর্মকর্তা।

ধনু নদী ট্রলার মদ আটক নৌ-পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: https://timestodaybd.com/countrywide/100775807